গাজীপুরে পোশাক শ্রমিকদের বিক্ষোভ, পুলিশের টিয়ারশেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভের চেষ্টা করেছেন গাজীপুরের পোশাকশ্রমিকরা। এ সময় পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল ছুড়লে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে শ্রমিকদের সরাতে টিয়ারশেল নিক্ষেপ করে পুলিশ। এতে কিছু সময়ের জন্য মহাসড়কে যান চলাচল বন্ধ থাকে।

রোববার (১৫ নভেম্বর) সকাল ৮টা ৪০ মিনিটের দিকে গাজীপুরের মৌচাকের তেলিরচালা এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, সকাল ৮টার দিকে তেলিরচালা এলাকার লেভেন্ডা গার্মেন্টসে কাজে যোগ দিতে আসেন শ্রমিকরা। তবে কাজে না গিয়ে সকাল সাড়ে ৮টার দিকে তারা মহাসড়কে নেমে অবরোধ শুরু করেন। প্রায় আধা ঘণ্টা অবরোধের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

একপর্যায়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা শ্রমিকদের সড়ক ছেড়ে দেওয়ার আহ্বান জানান। এ সময় শ্রমিকরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল ছুড়লে শ্রমিকরা সড়ক ছেড়ে ছত্রভঙ্গ হয়ে যান। পরে সকাল ৯টার দিকে যান চলাচল স্বাভাবিক হয়।

গাজীপুর শিল্প পুলিশ-২-এর পুলিশ সুপার মোহাম্মদ আমজাদ হোসাইন বলেন, সার্বিক পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক রয়েছে। তবে মৌচাক এলাকায় কিছুটা উত্তেজনা তৈরি হয়েছিল। পুলিশ সক্রিয় থাকায় শ্রমিকরা সরে গেছেন। বর্তমানে সড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে।